দৈনিক সংবাদ

তারিখ 09 MAY 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# পাস করেও ফল মেলেনি ।। আবার পরীক্ষা দিতে গিয়ে জানা গেল ফল

## চাঁদপুরে ৭ জন ডিগ্রী পরীক্ষার্থীর খবর

চাঁদপুর, ৮ই মে (নিজস্ব সংবাদদাতা)।— ডিগ্রী পরীক্ষায় পাস করেও চাঁদপুর সরকারী কলেজের ৭ জন ছাত্র-ছাত্রীকে ১৯৯২ সালে (যা ১৯৯৩-এ অনুষ্ঠিত হচ্ছে) পরীক্ষায় আবার অংশগ্রহণের জন্যে ফরম পূরণ করতে হল।

প্রবেশপত্র ওঠানোর সময় একজন পরীক্ষার্থী অফিসসূত্রে জানতে পারে যে, সে গত বছরই পাস করেছে। অবশেষে ঐ পরীক্ষার্থী তার প্রবেশপত্র না নিয়ে পরীক্ষায় কৃতকার্যের ফলাফল নিয়ে বাড়ি ফিরেছে। তার নাম মুজিবুর রহমান প্রাধানিয়া (রোল চাঁদ সকক ১৭৩২৮)। অন্যরা এর আগেই নিয়েছে।

চাঁদপুর সরকারী কলেজ অফিস সূত্রে জানা গেছে, ১৯৯২ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষায় কলেজের ১৭২৯৭, ১৭২৯৯, ১৭৩০৩, ১৭৩০৬, ১৭৩০৭, ১৭৩২৮ ও ১৭৩৩০ রোল নম্বরের পরীক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের গেজেটে কৃতকার্যভুক্ত করা হয়নি। অথচ মার্কশীট এলে দেখা যায়, উক্ত রোল নম্বরের ৭ জন পরীক্ষার্থীই তৃতীয় বিভাগে পাস করেছে। কিন্তু মার্কশীট আসার আগেই এরা অন্য সকল অকৃতকার্য ছাত্র-ছাত্রীর সাথে ফরম পূরণ করে।

চাঁদপুর সরকারী কলেজ অফিস বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বরাবর গত ১৩ই মার্চ এক চিঠিতে (স্মারক নং ২০৯১ সি, সি/সি ইডি-৭ পরী-১) উক্ত ছাত্রছাত্রীদের কৃতকার্যের ফলাফল গেজেটভুক্ত করার জন্যে জানালেও কর্তৃপক্ষ এ ব্যাপারে ব্যবস্থা নেননি।

ঐ ৭ জন ছাত্রছাত্রী সঠিক সময়ে ফলাফল না পাওয়ায় কেউই এম, এ প্রথম পর্বে ভর্তি হতে পারেনি।

এই ৭ জনের মধ্যে বেশ ক'জনের সাথে আলাপ হলে তারা জানান, ১৯৯৩ সালের ডিগ্রী পরীক্ষায় (বি, এস,এস) অংশগ্রহণ করার জন্যে তারা ফরম পূরণে বিশ্ববিদ্যালয়কে যে টাকা দিয়েছে তা ফেরত চেয়ে কর্তৃপক্ষ বরাবর আবেদন করেছে।